অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গ্রো-NY-খাদ্য ও কৃষি বিষয়ক ব্যবসায়িক প্রতিযোগিতার তৃতীয় পর্যায়ের বিজয়ী ঘোষণা করেছেন

এভরি বডি ইট পেয়েছে 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রথম পুরস্কার

সিরাকিউসে দুই দিনের সশরীরে এবং ভার্চ্যুয়াল পিচ প্রতিযোগিতার পর আটটি স্টার্টআপকে 3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পুরস্কারের অর্থ প্রদান করা হয়েছে

প্রতিযোগিতার তহবিল আপস্টেট পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ: CNY রাইজিং, ফিঙ্গার লেকস ফরোয়ার্ড এবং সাউদার্ন টিয়ার সোরিং - আঞ্চলিক সার্বিক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে গ্রো-NY (Grow-NY) খাদ্য উদ্ভাবন ও কৃষি বিষয়ক ব্যবসায়িক প্রতিযোগিতার তৃতীয় পর্যায়ের 1 মিলিয়ন মার্কিন ডলারের প্রথম পুরস্কার বিজয়ী হয়েছে এভরি বডি ইট (Every Body Eat), যার মূল উদ্দেশ্য হল সেন্ট্রাল নিউ ইয়র্ক (Central New York, CNY), ফিঙ্গার লেকস, এবং সাউদার্ন টিয়ারে উদীয়মান খাদ্য, পানীয় ও কৃষি বিষয়ক উদ্ভাবনী গুচ্ছ উন্নত করা। উদ্ভাবনী প্রতিযোগিতাটি আরেকবার বিশ্বের অসাধারণ কিছু স্টার্টআপ এবং উদ্যোগী প্রতিভাকে দুই-দিনের পিচ প্রতিযোগিতা ও অত্যন্ত অপেক্ষিত সিম্পোজিয়ামের প্রতি আকৃষ্ট করেছে। এভরি বডি ইট ছিল ডাউনটাউন সিরাকিউসের অনসেন্টারে অনুষ্ঠিত গ্রো-NY খাদ্য ও কৃষি বিষয়ক সামিটের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কার পাওয়া আটটি চূড়ান্ত প্রতিযোগীর একটি। বিজয়ী দলগুলিকে অন্তত এক বছরের জন্য সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, বা সাউদার্ন টিয়ার অঞ্চলে কর্মকাণ্ড পরিচালনা করার প্রতিশ্রুতি দিতে হবে, একই সাথে প্রতিটি সত্তার ক্ষেত্রে গ্রো-NY কে একটি ছোট ইক্যুইটি বিনিয়োগ ভাগ দিতে হবে। প্রতিযোগিতার তহবিল, যা পরিচালিত হয়েছে কর্নেল ইউনিভার্সিটির (Cornell University) সেন্টার ফর রিজিওনাল ইকোনোমিক অ্যাডভান্সমেন্ট (Center for Regional Economic Advancement) দ্বারা, প্রদান করেছে স্টেটের আপস্টেট পুনরুজ্জীবন উদ্যোগ (Upstate Revitalization Initiative)।

"আমি গ্রো-NY প্রতিযোগিতার তৃতীয় পর্যায়ে অংশগ্রহণ করা সকল কোম্পানিকে অভিনন্দন জানাতে চাই," **গভর্নর ক্যাথি হোকল বলেন।** "প্রতিযোগিতাটি শুধু কোম্পানিদের উদ্ভাবনে সহায়তা করে না, বরং আমাদের বৈশ্বিকভাবে সুখ্যাত খাদ্য ও কৃষি শিল্পে বিশ্বের আরো

মনোযোগ আকর্ষণের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের আঞ্চলিক অর্থনীতিকেও আরো সমর্থন করে।"

শিকাগো, ইলিনয়ের এভরি বডি ইট এমন সুস্বাদু খাদ্য তৈরি, বাজারজাত ও বিক্রি করে যা ভুট্টা, চিনি এবং 14টি সর্বাধিক পরিচিত অ্যালার্জেনমুক্ত, যাতে করে মানুষ তাদের খাদ্যসংক্রান্ত সীমাবদ্ধতা বা পছন্দ যাই হোক না কেন, একসাথে খাবার উপভোগ করতে পারে।

"অবিশ্বাস্য কিছু খাদ্য ও কৃষি বিষয়ক স্টার্টআপের মধ্যে থেকে এই বছরের গ্রো-NY এর 1 মিলিয়ন মার্কিন ডলারের শীর্ষ পুরস্কার জেতার জন্য নির্বাচিত হতে পেরে আমরা অত্যন্ত সম্মানিত," এভরি বডি ইটের কোফাউন্ডার ও প্রেসিডেন্ট নিকোল উইলসন বলেন। "আমরা এই অর্থ ও এই অঞ্চলে আমাদের বানানো সকল সম্পর্ক ব্যবহার করে আমাদের কোম্পানিকে আগামী পর্যায়ে নিতে যেতে চাই, আমাদের বাজার সম্প্রসারণ ও আরো প্রতিভাকে নিয়োগ দিতে চাই।"
গ্রো-NY খাদ্য ও কৃষি বিষয়ক সামিটের তৃতীয় বছরে, 1200-র বেশি মানুষ অনুষ্ঠানটির জন্য নিবন্ধন করেছে এবং দর্শকদের স্বয়ং উপস্থিত থেকে বা ভার্চ্যুয়ালি অংশগ্রহণ করার উপায় ছিল। স্বয়ং-উপস্থিত থাকার অনুষ্ঠানে ছিল খাদ্য ও কৃষি শিল্পের সর্ববৃহৎ সমস্যা নিয়ে আলোচনা, স্টার্টআপ কমিউনিটিকে সমর্থন করা বিক্রেতা ও প্রতিষ্ঠানের সামিট শোকেস, এবং একটি পিচ প্রতিযোগিতা যেখানে শীর্ষ 20 চূড়ান্ত প্রতিযোগী দর্শকদের সামনে সরাসরি তাদের ব্যবসায়িক আইডিয়া উপস্থাপন করে। কৃষি, খাদ্য উৎপাদন ও উদ্যোগে বিশেষ অভিজ্ঞতার প্রতিফলনকারী পাঁচজন পৃথক বিচারকের একটি প্যানেল শীর্ষ বিজয়ী নির্ণয় করার পূর্বে প্রতিটি প্রেজেন্টেশন শুনেছেন এবং তাদের প্রশ্ন করেছেন।

চূড়ান্ত অনুষ্ঠানে 1 মিলিয়ন মার্কিন ডলার শীর্ষ পুরস্কারের পাশাপাশি, দুইটি 500,000 মার্কিন ডলার পুরস্কার এবং চারটি 250,000 মার্কিন ডলার পুরস্কার প্রদান করা হয়েছে।

500,000 মার্কিন ডলার বিজয়ী: নিউ ইয়র্কের ইথাকার অ্যাস্ক্রাইব বায়োসায়েন্স (Ascribe Bioscience) মাটির মাইক্রোবায়োম থেকে প্রাকৃতিকভাবে সংঘটিত সিগনালিং অণু ব্যবহার করে অনন্য জাতের বিস্তৃত-স্পেকট্রামের, অবিষাক্ত বায়োকীটনাশক উৎপাদন করে যা উদ্ভিদের রোগ প্রতিরোধকারী ব্যবস্থাকে প্যাথোজেনের বিরুদ্ধে উন্নত প্রতিরোধশক্তি অর্জনে প্রস্তুত করে এবং ফসল উৎপাদন বৃদ্ধি করে।

500,000 মার্কিন ডলার বিজয়ী: কানাডার সারের নিউপিক রোবোটিক্স (Neupeak Robotics) সম্পূর্ণ অটোনোমাস বেরি হারভেস্টার উৎপাদন করে যা সকল আবহাওয়া ও আলোর পরিস্থিতিতে মানুষের সাথে কাজ করার মতো করে বানানো হয়েছে, যা প্রতি পাউন্ড সংগৃহীত বেরির জন্য নির্দিষ্ট অর্থ নিয়ে খামারিদের ব্যয় সাশ্রয় করবে।

250,000 মার্কিন ডলার বিজয়ী: নিউ ইয়র্কের ওয়েবস্টারের ড্রটল্যাব (DraughtLab) সেন্সরি দক্ষতার সকল পর্যায়ের জন্য উচ্চমানের সেন্সরি যন্ত্র উৎপাদন করে, যা যেকোনো আকারের কোম্পানির জন্য বাস্তব-বিশ্বের মান প্রদানকারী ব্যবহারিক ও সহজ সেন্সরি অ্যানালাইসিস সমাধান প্রদান করে।

250,000 মার্কিন ডলার বিজয়ী: টেক্সাসের হিউস্টনের এমজেনিসিস (EmGenisys) একটি অত্যাধুনিক ভ্রূণ স্বাস্থ্য যাচাই প্ল্যাটফর্ম যা সর্বোচ্চ পর্যায়ের সার্বিক ভ্রূণ মূল্যায়ন ব্যবস্থা প্রদান করে, খামারের পশুর ক্ষেত্রে সহায়ক প্রজনন প্রযুক্তির গর্ভাবস্থার ফলাফল উন্নত করে।

250,000 মার্কিন ডলার বিজয়ী: ডেনমার্কের কোপেনহেগেনের নরডিটেক্ট (Nordetect) কৃষিখাদ্য শিল্পে পুষ্টির দ্রুত রাসায়নিক বিশ্লেষণ প্রদান করে। কোম্পানিটির প্রথম পণ্য হল মাটি, পানি ও পাতার নমুনায় পাওয়া পুষ্টির জন্য একটি ল্যাব-অন-এ-চিপ (lab-on-a-chip) পরীক্ষা, যার উদ্দেশ্য হল ফসল উৎপাদনের জন্য ব্যবহৃত সারের সেরা পরিমাণ নির্ণয় করা।

250,000 মার্কিন ডলার বিজয়ী: নিউ ইয়র্কের বাফেলোর উইরেডিয়েটের (WeRadiate) রয়েছে হার্ডওয়্যার, সফ্টওয়্যার ও ডেটা প্রযুক্তি ব্যবহার করে মাটির মান উন্নয়নের একটি সর্বোপরি সমাধান, যা সকল সার তৈরির স্থানে একটি উচ্চ ফলপ্রসূ ও উচ্চমানের সার পণ্য উৎপাদনের জন্য যন্ত্রের সম্পূর্ণ বিন্যাস প্রদান করে।

বিচারকরা তাদের পুরস্কারের সিদ্ধান্ত নিম্নলিখিত পাঁচটি মানদণ্ডের উপর ভিত্তি করে করবেন:

- **বাণিজ্যিকীকরণের বাস্তবোপযোগিতা এবং ব্যবসায়িক মডেল** - মুনাফা সৃষ্টি ও এমন একটি ব্যয় কাঠামো বজায় রাখা যার দ্বারা একটি প্রতিযোগী ও টেকসই ব্যবসা গঠিত হতে পারবে; প্রস্তাবিত মূল্য অর্জনের জন্য প্রয়োজনীয় আবেদনকারীর প্রযুক্তি বা উদ্ভাবনের প্রস্তুতি প্রদর্শন।
- **দল** - ব্যবসায়ের ফাউন্ডার, কর্মচারী এবং উপদেষ্টাদের মধ্যে বিশেষ পর্যায়ের সমন্বয়, সম্পূর্ণতা এবং প্রস্তুতি প্রদর্শন এবং তাদের মধ্যে বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি থাকা যার দ্বারা দলটি তাদের সম্ভাবনা অনুযায়ী ফল প্রদান করতে পারবে।
- **গ্রাহকের উপকারিতা** - গ্রাহকদেরকে এমন উল্লেখযোগ্য উপকারিতা ব্যবস্থা রাখা যার জন্য তারা মূল্য পরিশোধ করতে তৈরি থাকবে; এবং এর লক্ষ্য হবে উল্লেখযোগ্য আকারের বাজার
- **কৃষি বিষয়ক ও খাদ্য উদ্ভাবন** - খাদ্য ও কৃষিতে অত্যাধুনিক কিছু আনা এবং আপস্টেট নিউ ইয়র্ককে কৃষি ও খাদ্য উদ্ভাবনে বৈশ্বিক নেতা বানানো।
- **আঞ্চলিক কর্মসংস্থান সৃষ্টি** - গ্রো-NY অঞ্চলে বিদ্যমান খাদ্য ও কৃষি ইকোসিস্টেমে উচ্চমানের কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা।

এছাড়াও প্রতিযোগিতায় সবথেকে উদ্ভাবনী ও সম্ভাবনাময় পিচ প্রদানের জন্য দর্শকদের ভোটে নির্বাচিত স্টার্টআপের জন্য একটি "দর্শকের পছন্দ" পুরস্কার ছিল। নিউ ইয়র্ক উইলিয়ামসনসের এগ্রি-ট্র্যাক (Agri-Trak)
নগদ 10,000 মার্কিন ডলার পাবে, যার স্পনসর ওয়েগম্যান্স (Wegmans), এবং দ্য মার্টিন গ্রুপ (The Martin Group) থেকে 5,000 মার্কিন ডলার প্রচারণা সেবা পাবে। এগ্রি-ট্র্যাক একটি খামার ব্যবস্থাপনা অ্যাপ্লিকেশন স্যুইট, যা বিশেষ করে আপেল শিল্পের জন্য তৈরি করা হয়েছে। স্যুইটে

রয়েছে কাস্টোমাইজেবল মডিউল যা সহজে পাঠযোগ্য উইজেটে বাস্তব-সময়ের তথ্য প্রদান করে যার ফলে খামারগুলি দৈনিক ডেটা-অবগত সিদ্ধান্ত নিতে পারে।

বিজয়ী দলগুলির জন্য গ্রো-NY অঞ্চলে ইতিবাচক অর্থনৈতিক প্রভাব রাখা আবশ্যক, যার মধ্যে রয়েছে সেন্ট্রাল নিউ ইয়র্কের কাউন্টিসমূহ, স্টেটের ফিঙ্গার লেকস ও সাউদার্ন টিয়ার অঞ্চল যেখানে প্রাণবন্ত খামার ভূমি ও রোচেস্টার, সিরাকিউস ও বিংহ্যামটনের মতো বেশ কয়েকটি মুখ্য আর্বান কেন্দ্র রয়েছে।

"নতুন কর্মসংস্থান সৃষ্টি ও নতুন আইডিয়া শেয়ার করার মাধ্যমে, গ্রো-NY খাদ্য ও কৃষি বিষয়ক প্রতিযোগিতার প্রথম দুই পর্যায়ের বিজয়ীরা বিজয়ীরা দুই বছরের কম সময়ে আমাদের অঞ্চলের খাদ্য ও কৃষি ইকোসিস্টেমে গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছে," **গ্রো-NY-র প্রোগ্রাম পরিচালক জেন স্মিথ বলেন।** "আমরা আত্মবিশ্বাসী যে এই বছরের বিজয়ীরা সেই বিকাশ অব্যাহত রাখবে। এই বছরে প্রতিযোগী স্টার্টআপগুলি অবিশ্বাস্য ছিল - সকল বিজয়ীকে অভিনন্দন!"

সিঙ্গাপুর, ইসরায়েল ও সুইজারল্যান্ডসহ 32টি দেশ থেকে সর্বমোট 330টি স্টার্টআপ আবেদন করেছে। যুক্তরাষ্ট্র থেকে 23টি স্টেটের প্রতিনিধি এসেছে যার মধ্যে রয়েছে নিউ ইয়র্কের 138টি অংশগ্রহণ। আবেদনকারীদের 44 শতাংশে একজন মহিলা ফাউন্ডার এবং 51 শতাংশে একজন নিম্ন প্রতিনিধিত্বকারী সংখ্যালঘু গোষ্ঠীর ফাউন্ডার ছিল, যা গত বছরের আবেদন গুচ্ছ থেকে উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে। 20টি চূড়ান্ত প্রতিযোগী প্রতিযোগিতার আগে দিয়ে বাছাইকৃত শীর্ষ আঞ্চলিক ব্যবসা উপদেষ্টাদের থেকে নিবেদিত উপদেশ ও শিক্ষা লাভ করেছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার ও প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন, "আজকের বিজয়ীদের এবং গ্রো-NY প্রতিযোগিতার তৃতীয় পর্যায়ে অংশগ্রহণকারী সকলকে অভিনন্দন। কৃষি-ভিত্তিক এই ব্যবসা প্রতিযোগিতা একটি উদ্যোগ সংক্রান্ত ইকোসিস্টেম , যার উদ্দেশ্য ফিঙ্গার লেকস, সেন্ট্রাল ও সাউদার্ন টিয়ার অঞ্চলের সমৃদ্ধ খামার ও কৃষি এলাকায় উদ্ভাবনী অর্থনৈতিক বৃদ্ধি দৃঢ় করবে, গঠনে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত সমর্থন প্রতিফলিত করে।"

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "গ্রো-NY প্রতিযোগিতা কৃষি ও খাদ্য ব্যবসার ক্ষেত্রে নিউ ইয়র্কের শক্তি ও বৈচিত্র্য প্রদর্শন করে, কৃষি প্রযুক্তি সৃষ্টিকারী উদ্দীপক অত্যাধুনিক কোম্পানি এবং স্থানীয় খামার সমর্থন করার সাথে সাথে ভবিষ্যতের কর্মসংস্থানকে আকর্ষিত করে। বিজয়ীদের এবং প্রতিযোগিতায় অংশগ্রহণ করা সকল স্টার্টআপ ও উদ্যোক্তাকে অভিনন্দন। বর্তমানে তৃতীয় পর্যায়ে থাকা গ্রো-NY নিউ ইয়র্কের কৃষি অর্থনীতি বৃদ্ধি ও উন্নয়নের অবিচ্ছেদ্য একটি প্রোগ্রাম হিসেবে প্রমাণিত হচ্ছে।

সেন্ট্রাল নিউইয়র্ক রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Regional Economic Development Council, REDC) প্রধান এবং ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অফ সেন্ট্রাল নিউ ইয়র্কের (Manufacturers Association of Central New York, MACNY) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা র‍্যান্ডি ওলকেন এবং ওসওয়েগোর স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (State University of New York,

SUNY) প্রেসিডেন্ট ডেবোরা স্ট্যানলি বলেন, "আমরা আজকের বিজয়ী এবং এই বছর ডাউনটাউন সিরাকিউসে অনুষ্ঠিত গ্রো-NY-র তৃতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশ নেওয়া সকলকে অভিনন্দন জানাতে পেরে আনন্দিত। নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও খাদ্য শিল্পে অভূতপূর্ব সমৃদ্ধি অব্যাহত রয়েছে। গ্রো-NY প্রতিযোগিতাটি আমাদের সম্প্রদায়ে এমন আরেকটি আকর্ষণীয় বিনিয়োগের প্রতিফলন করে যা আঞ্চলিক কর্মসংস্থান বৃদ্ধিকে আরো দৃঢ় করবে এবং পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কে আমাদের কৃষি ভিত্তিকে আরো সমর্থন করে অঞ্চলটির অব্যাহত উন্নয়ন নিশ্চিত করবে।

ফিঙ্গার লেকস রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্টের (Finger Lakes Regional Economic Development) সহ-সভাপতি এবং গ্রেটার রোচেস্টার চেম্বার অব কমার্সের (Greater Rochester Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, বব ডাফি এবং স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক জেনেসিও (SUNY Geneseo)-এর প্রেসিডেন্ট, ড. ডেনিস ব্যাটেলস বলেন, "উদ্ভাবনী এই প্রতিযোগিতার তৃতীয় পর্যায়ে অংশগ্রহণকারী সকলকে নিয়ে আমরা অনেক গর্বিত। স্টেটের কৃষি ও খাদ্য শিল্প বিকাশে আঞ্চলিক কাউন্সিলের তীক্ষ্ণ মনোযোগ রয়েছে। গ্রো-NY প্রতিযোগিতায় আমাদের অব্যাহত বিনিয়োগ স্থানীয় শিল্পের অংশীদারদের উদ্যোক্তাদের অত্যাধুনিক আইডিয়ার সাথে সংযুক্ত করতে কাজ করছে, এবং একটি সমৃদ্ধ আঞ্চলিক অর্থনীতি সৃষ্টিতে আমাদের বহু-মাত্রিক পন্থাকে আরো সমর্থন করছে।"

সাউদার্ন টায়ার রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Southern Tier Regional Economic Development Council) এর সহ-সভাপতি এবং স্কুইলার কাউন্টি পার্টনারশিপ ফর ইকোনোমিক ডেভেলপমেন্টের (Schuyler County Partnership for Economic Development) নির্বাহী পরিচালক জুডি ম্যাককিনি চেরি এবং SUNY ব্রুম কমিউনিটি কলেজের (Broome Community College) প্রেসিডেন্ট ডা. কেভিন ড্রাম বলেন, "আমরা বিজয়ী দলগুলি এবং গ্রো-NY-র তৃতীয় পর্যায়ের সকল প্রতিযোগীর প্রতি আমাদের আন্তরিক অভিনন্দন জানাতে চাই। উদ্ভাবন এবং উদ্যোক্তা আমাদের অর্থনৈতিক ভবিষ্যতের চাবিকাঠি। নিউ ইয়র্কের কৃষি শিল্প বিশ্বের অন্যতম বৈচিত্র্যময় ও মর্যাদাপূর্ণ এবং এই উদ্যোগটি নিউ ইয়র্ককে অন্যান্য স্টেটগুলি থেকে পৃথক করেছে, নিঃসন্দেহে আমাদের অঞ্চলগুলিতে অর্থনৈতিক সাফল্য বাড়িয়ে দিচ্ছে।"

গ্রো-NY প্রতিযোগিতার ব্যাপারে আরো জানতে ভিজিট করুন https://www.grow-ny.com.।

কর্নেল ইউনিভার্সিটির সেন্টার ফর রিজিওনাল ইকোনোমিক অ্যাডভান্সমেন্টের ব্যাপারে আরো জানতে ভিজিট করুন: https://crea.cornell.edu/

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে

500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

CNY রাইজিং ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের বিকাশের জন্য অঞ্চলের বিস্তারিত রূপরেখা। অঞ্চলিকভাবে তৈরি পরিকল্পনাটি বৈশ্বিক বাজারের সুযোগগুলির সুবিধা নেয়, শিল্পোদ্যোগ প্রচেষ্টা শক্তিশালী করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি সৃষ্টি করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

সাউদার্ন টিয়ার সোরিংকে (Southern Tier Soaring) ত্বরান্বিত করা

আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে নকশাকৃত পরিকল্পনাটি একটি প্রতিভাবান কর্মীদল, ক্রমবর্ধমান ব্যবসা এবং উদ্ভাবন আকর্ষণের দিকে ফোকাস করে। বর্তমানে, অঞ্চলটি আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে 500 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ দিয়ে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ বেসরকারি ব্যবসাগুলিকে 2.5 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করতে প্রণোদিত করবে - এবং এই অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী অনুমিত হচ্ছে যে 10,200টি নতুন কর্মসংস্থান হবে। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন